# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৯. ৪. প্রত্যেকেই পাপ করে? না কিছু মানুষ পাপ করে না?

বাইবেলের বিভিন্ন স্থানে বলা হয়েছে যে, সকল মানুষই পাপ করে। কিন্তু অন্যত্র বলা হয়েছে যে, কিছু মানুষ পাপ করে না। ১ রাজাবালি ৮/৪৬: ‘‘তাহারা যদি তোমার বিরুদ্ধে পাপ করে- কেননা পাপ না করে এমন কোন মনুষ্য নাই-’’। (অনুরূপ: ২ বংশাবলি ৬/৩৬; হিতোপদেশ ২০/৯; উপদেশক ৭/২০; ১ যোহন ১/৮ ও ১/৯)।

কিন্তু ১ যোহন ৩/৯: ‘‘যে কেহ ঈশ্বর হইতে জাত, সে পাপ করে না (doth not commit sin) কারণ তাঁহার বীর্য তাহার অন্তরে থাকে; এবং সে পাপ করিতে পারে না, কারণ সে ঈশ্বর হইতে জাত (he cannot sin, because he is born of God)।

আমরা জানি, ‘doth not commit sin’ ও ‘cannot sin’ বাক্যদ্বয়ের স্পষ্ট অর্থ ‘‘পাপ করে না’’ এবং ‘‘পাপ করতে পারে না’’। কেরির অনুবাদ মূলানুগ: ‘‘পাপাচরণ করে না’’ ও ‘‘পাপ করিতে পারে না’’। কিন্তু অন্যান্য অনুবাদে ‘‘গুনাহ করতে থাকে না’’, ‘‘পাপে পড়ে থাকে না’’, ‘‘পাপে পড়ে থাকতে পারে না’’ ইত্যাদি লেখা হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14086

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন